

200

তারিখ... ২২ ১৯৯৯...  
পৃষ্ঠা ৪... কলাম ৭.....

## দৈনিক সংবাদ

### প্রসঙ্গ : পুনঃনিরীক্ষণ

প্রতি বছর এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর দেখা যায় অসংখ্য ছাত্র-ছাত্রীর ফলাফল স্থগিত। এমনও দেখা যায়, যে ছাত্র বা ছাত্রীর নিশ্চিত ভাল ফলাফল করার কথা অথচ তার রেজাল্ট আসছে অকৃতকার্য। এ সমস্ত ক্ষেত্রে শিক্ষা বোর্ড পুনঃনিরীক্ষণের ব্যবস্থা রেখেছেন। ব্যবস্থাটি নিঃসন্দেহে প্রশংসনীয়। কিন্তু এই পুনঃনিরীক্ষণের প্রয়োগ তথা পুনরায় ফলাফল প্রকাশ খুবই সময়সাপেক্ষ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ব্যাপারটা এতটাই সময়সাপেক্ষ যে পুনরায় ফলাফল প্রকাশের সময় দেখা যায় যে পরবর্তী বছরের পরীক্ষাই শুরু হয়ে গেছে। আমার প্রশ্ন হচ্ছে- এমন অবস্থায় আর পুনঃনিরীক্ষণের প্রয়োজন কি? তাই বোর্ড কর্তৃপক্ষের নিকট আবেদন- তারা যেন পুনঃনিরীক্ষণের সময়টা কমিয়ে আনেন। লাখ লাখ ছাত্র-ছাত্রীর ফলাফল যদি ৯০ দিনের মধ্যে প্রকাশ করা যায় তবে কয়েক হাজার ছাত্র-ছাত্রীর পুনঃনিরীক্ষণের ব্যাপারটি ৮/৯ মাস লাগার কোন কারণ নেই। বোর্ড কর্তৃপক্ষ কিছুটা আন্তরিক হলেই এই সময় কমিয়ে আনা সম্ভব।

মোমেন আহমেদ

পোঃ + থানা : বেলাব, জেলা-নরসিংদী

পোঃ কোড নং : ১৬৪০